



বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট

৩ সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০

ফোন : ৯৩৩০০৮১-৪, ফ্যাক্স : ৮৮০-২-৮৩১৭৪৫৮, ওয়েবসাইট : <http://www.pib.gov.bd> ই-মেইল : dgpib@yahoo.com

ডরমিটরী ব্যবহারের বিধি

(সকলের জন্য প্রযোজ্য)

১. এ প্রতিষ্ঠানের ডরমিটরী নীতিমালা মেনে চলতে হবে।
২. প্রবেশের সময় ডরমিটরীর রেজিস্ট্রার খাতায় নাম অন্তর্ভুক্ত করতে হবে। প্রশিক্ষার্থীদের আইডি ট্যাগ দৃশ্যমান অবস্থায় রাখতে হবে।
৩. ডরমিটরীতে অবস্থানকালীন খালিগায়ে/লুঙ্গি পরিধান করে কোনো প্রশিক্ষার্থী ক্যান্টিন, টিভিরুম বা প্রতিষ্ঠানের অন্য কোথাও চলাফেরা করতে পারবেন না।
৪. ডরমিটরীর কক্ষে সরবরাহকৃত সামগ্রী এবং উপকরণ নস্ট/হারানো গেলে বরাদ্দপ্রাপ্তকে সেটির দায়-দায়িত্ব বহন করতে হবে। কর্তৃপক্ষের সঙ্গে আলোচনাক্রমে ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।
৫. ডরমিটরীতে কোন ব্যক্তি/অতিথিকে সঙ্গে নেয়া যাবে না। তবে অভ্যর্থনা কক্ষে দেখা সাক্ষাৎ করা যাবে।
৬. কক্ষের চাবি কেবলমাত্র বরাদ্দপ্রাপ্ত ব্যক্তির নিকট বুঝিয়ে দেয়া হবে। চাবি কোনো অবস্থাতেই হস্তান্তর করা যাবে না।
৭. কক্ষের দেয়ালে বা ফ্লোরে কোনো প্রকার দাগ দেয়া বা লেখা যাবে না। যেখানে সেখানে কফ, থুথু ও পানের পিক ফেলানো যাবে না।
৮. ডরমিটরী কক্ষের চাবি বুঝে নেবার পর বাইরে রাত যাপন করতে পারবেন না। বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাইরে যাত যাপন করলে তিনি ডরমিটরী ত্যাগের পূর্বে চাবি তত্ত্বাবধায়ক/বেয়ারারের নিকট জমা দিতে হবে।
৯. চাবি হারিয়ে গেলে নির্ধারিত ফি জমা দিয়ে নতুন চাবি নিতে হবে।
১০. ডরমিটরী ত্যাগ করার সময় কর্তৃপক্ষের অনুমতিক্রমে কক্ষের যাবতীয় দ্রব্যাদি তালিকা অনুসারে বেয়ারাদের নিকট বুঝিয়ে দিয়ে তত্ত্বাবধায়কের নিকট থেকে আবাসিক ছাড়পত্র গ্রহণ করতে হবে।
১১. ডরমিটরী কক্ষে অথবা পিআইবি ক্যাম্পাসে কোনো প্রকার নীতি বহির্ভূত কার্যকলাপ, হৈ চৈ অন্যের বিরক্তি করণ হয় এমন শব্দ, গান, বাজনা অথবা অশালীন ভাষায় উচ্চস্বরে কথা বলা যাবে না। ভাংচুর, সন্ত্রাস, অস্ত্র বহন, সংরক্ষণ, ধুমপান এবং মাদক দ্রব্য ব্যবহার ইত্যাদি কোনো অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না। এ সকল ক্ষেত্রে প্রয়োজনে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।
১২. রাত ৯টার মধ্যে অবশ্যই ডরমিটরীতে প্রবেশ করতে হবে।
১৩. খাবার: পিআইবি আয়োজিত কোর্সের প্রশিক্ষার্থীদের সকালের নাস্তা ৮.০০/৮.৩০ মিঃ, দুপুরের খাবার বেলা ১.০০টা থেকে ১.৪৫ মিঃ, এবং রাতের খাবার ৮.০০-৯.০০ টার মধ্যে গ্রহণ করতে হবে।
১৪. অভিযোগ: ডরমিটরী সংক্রান্ত কোনো প্রকার অভিযোগ বা পরামর্শ থাকলে তা রক্ষিত অভিযোগ বইয়ে লিপিবদ্ধ করতে হবে অথবা তত্ত্বাবধায়ককে অবহিত করা যেতে পারে।
১৫. তত্ত্বাবধান: ডরমিটরীর সার্বিক তত্ত্বাবধান ডরমিটরী তত্ত্বাবধায়কের মাধ্যমে পরিচালিত হবে। ইলেকট্রিশিয়ান, লিফটম্যান বেয়ারার, কুকসহ সংশ্লিষ্ট সকলে তাকে এ ব্যাপারে সহযোগিতা করবেন।
১৬. লিফট সুবিধা: সকাল ৮টা থেকে রাত ৯টা পর্যন্ত চালু থাকবে।
১৭. বৈদ্যুতিক সুইচ, পানির কল অকারণে চালু রাখা যাবে না।
১৮. কোর্সের প্রশিক্ষার্থীদের কোর্স সম্পন্ন হওয়ার পর ডরমিটরী ত্যাগ করতে হবে। দুপুর ১২টা থেকে পরদিন দুপুর ১২টা পর্যন্ত ১ (এক) দিন বলে গণ্য হবে। অতিরিক্ত সময় অবস্থান করলে অতিরিক্ত দিন হিসেবে গণ্য হবে।

(মো. শাহ আলমগীর)

মহাপরিচালক

(হাবিবুর রহমান মিলন)

চেয়ারম্যান